জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং: শিঃ উঃ কাউশিই/৬৮/২০০২ইং( পার্ট-১)/ ৬১১৬    তারিখ: ১১ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ / ২৭ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে দশম শ্রেণির সমন্বিত ক্লাস রুটিন প্রেরণ প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী প্রণীত পরীক্ষামূলক শিখন শেখানো সামগ্রীর মাধ্যমে শিখন কার্যক্রম ২০২৩ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২৪ শিক্ষাবর্ষে অষ্টম এবং নবম শ্রেণিতেও জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী প্রণীত পরীক্ষামূলক শিখন শেখানো সামগ্রীর মাধ্যমে শিখন কার্যক্রম শুরু হবে। এমতাবস্থায় শিক্ষাক্রমে বর্ণিত বিষয়সমূহের শিখন ঘণ্টা ও সেশন সমন্বয় করে ষষ্ঠ থেকে নবম শ্রেণির ক্লাসসমূহ রুটিনে বণ্টন এবং দশম শ্রেণির ক্লাসসমূহ রুটিন ছকে ফাঁকা রেখে একটি সমন্বিত ক্লাস রুটিন প্রণয়ন করা হয়েছে। ষষ্ঠ থেকে নবম শ্রেণির রুটিন ছকে প্রদর্শিত ফাঁকা স্থানসমূহ মাদ্রাসা শিক্ষার জন্য বিশেষায়িত বিষয়সমূহ দ্বারা প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজন অনুযায়ী পূরণ করতে হবে। দশম শ্রেণির ক্লাসসমূহ প্রদত্ত ছক অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হবে। আপনার অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিখন কার্যক্রম এই সঙ্গে প্রেরিত সমন্বিত ক্লাস রুটিন ও নির্দেশনা অনুসারে পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

২৭.১২.২০২৩
(প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গবেষণা ও উন্নয়ন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৭.১১.০০১.২১-২৯০    তারিখ: ১৩ পৌষ, ১৪৩০ / ২৮ ডিসেম্বর , ২০২৩

উপরিল্লিখিত নির্দেশনার প্রেক্ষিতে ২০২৪ শিক্ষাবর্ষে ষষ্ঠ থেকে দশম শ্রেণির সমন্বিত ক্লাস রুটিন (সংযুক্ত) অনুযায়ী শ্রেণি কার্যক্রম পরিচালনা করার জন্য নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সমন্বিত ক্লাস রুটিন
অধ্যক্ষ/সুপার .........(সকল বেসরকারি মাদ্রাসা)

২৮/১২/২০২৩
মুহম্মদ হোসাইন
পরিদর্শক (সহকারী অধ্যাপক)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:
১। জেলা প্রশাসক.... (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
৩। জেলা শিক্ষা অফিসার.... (সকল)
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)

} তার আওতাধীন সকল মাদ্রাসায় সংযুক্ত সমন্বিত ক্লাস রুটিন প্রেরণ করার অনুরোধসহ।

সদয় অনুলিপি:
১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং: শিঃ উঃ কাউশিই/৬৮/২০০২ইং( পার্ট-১)/ ৬১১৬

তারিখ: ১২ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে দশম শ্রেণির সমন্বিত ক্লাস রুটিন প্রেরণ প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী প্রণীত পরীক্ষামূলক শিখন শেখানো সামগ্রীর মাধ্যমে শিখন কার্যক্রম ২০২৩ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০২৪ শিক্ষাবর্ষে অষ্টম এবং নবম শ্রেণিতেও জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী প্রণীত পরীক্ষামূলক শিখন শেখানো সামগ্রীর মাধ্যমে শিখন কার্যক্রম শুরু হবে। এমতাবস্থায় শিক্ষাক্রমে বর্ণিত বিষয়সমূহের শিখন ঘণ্টা ও সেশন সমন্বয় করে ষষ্ঠ থেকে নবম শ্রেণির ক্লাসসমূহ রুটিনে বণ্টন এবং দশম শ্রেণির ক্লাসসমূহ রুটিন ছকে ফাঁকা রেখে একটি সমন্বিত ক্লাস রুটিন প্রণয়ন করা হয়েছে। ষষ্ঠ থেকে নবম শ্রেণির রুটিন ছকে প্রদর্শিত ফাঁকা স্থানসমূহ মাদ্রাসা শিক্ষার জন্য বিশেষায়িত বিষয়সমূহ দ্বারা প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজন অনুযায়ী পূরণ করতে হবে। দশম শ্রেণির ক্লাসসমূহ প্রদত্ত ছক অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হবে। আপনার অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিখন কার্যক্রম এই সঙ্গে প্রেরিত সমন্বিত ক্লাস রুটিন ও নির্দেশনা অনুসারে পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

২৭.১২.২৩

(প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান
ফোন: ২২৩৩-৮৫৪৩২
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
বাংলাদেশ

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ঢাকা

# জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী

## ২০২৪ শিক্ষাবর্ষের জন্য মাদ্রাসার ষষ্ঠ থেকে দশম শ্রেণির সেশন রুটিন (এক শিফট)

| বার | সেশন | সমাবেশ | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | বিরতি | পঞ্চম | ষষ্ঠ | সপ্তম | অষ্টম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | শ্রেণি | সমাবেশ | ১০:০০-১০:৪৫ | ১০:৪৫-১১:২৫ | ১১:২৫-১২:০৫ | ১২:০৫-১২:৪৫ | ১২:৪৫-১:২৫ | ১:২৫-২:০৫ | ২:০৫-২:৪৫ | ২:৪৫-৩:২৫ | ৩:২৫-৪:০৫ |
| রবিবার | ষষ্ঠ | সমাবেশ | | স্বাস্থ্য সুরক্ষা | | গণিত | বিরতি | বিজ্ঞান | ডিজিটাল প্রযুক্তি | ইংরেজি | |
| | সপ্তম | | | গণিত | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | ইংরেজি | বিজ্ঞান | শিল্প ও সংস্কৃতি | |
| | অষ্টম | | | ইংরেজি | | বিজ্ঞান | | গণিত | বাংলা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | |
| | নবম | | | বাংলা | | ইংরেজি | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | বিজ্ঞান | |
| | দশম | | | | | | | | | | |
| সোমবার | ষষ্ঠ | সমাবেশ | | বাংলা | | বিজ্ঞান | বিরতি | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | জীবন ও জীবিকা | গণিত | |
| | সপ্তম | | | বিজ্ঞান | | জীবন ও জীবিকা | | বাংলা | গণিত | | |
| | অষ্টম | | | গণিত | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | বিজ্ঞান | ডিজিটাল প্রযুক্তি | বাংলা | |
| | নবম | | | স্বাস্থ্য সুরক্ষা | | গণিত | | ডিজিটাল প্রযুক্তি | বাংলা | বিজ্ঞান | |
| | দশম | | | | | | | | | | |
| মঙ্গলবার | ষষ্ঠ | সমাবেশ | | গণিত | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | বিরতি | ইংরেজি | বিজ্ঞান | বাংলা | |
| | সপ্তম | | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | ইংরেজি | | বাংলা | ডিজিটাল প্রযুক্তি | জীবন ও জীবিকা | |
| | অষ্টম | | | স্বাস্থ্য সুরক্ষা | | বাংলা | | গণিত | ইংরেজি | | |
| | নবম | | | ইংরেজি | | বিজ্ঞান | | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিল্প ও সংস্কৃতি | |
| | দশম | | | | | | | | | | |

| বার | সেশন | সমাবেশ | | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | বিরতি | পঞ্চম | ষষ্ঠ | সপ্তম | অষ্টম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | শ্রেণি | সমাবেশ | ১০:০০-১০:৪৫ | ১০:৪৫-১১:২৫ | ১১:২৫-১২:০৫ | ১২:০৫-১২:৪৫ | ১২:৪৫-১:২৫ | ১:২৫-২:০৫ | ২:০৫-২:৪৫ | ২:৪৫-৩:২৫ | ৩:২৫-৪:০৫ |
| বুধবার | ষষ্ঠ | সমাবেশ | | বিজ্ঞান | | জীবন ও জীবিকা | বিরতি | বাংলা | গণিত | | |
| | সপ্তম | | | স্বাস্থ্য সুরক্ষা | | গণিত | | বিজ্ঞান | ডিজিটাল প্রযুক্তি | বাংলা | |
| | অষ্টম | | | বাংলা | | বিজ্ঞান | | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিল্প ও সংস্কৃতি | |
| | নবম | | | গণিত | | ডিজিটাল প্রযুক্তি | | ইংরেজি | বাংলা | | |
| | দশম | | | | | | | | | | |
| বৃহস্পতিবার | ষষ্ঠ | সমাবেশ | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | বাংলা | বিরতি | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | ডিজিটাল প্রযুক্তি | |
| | সপ্তম | | | বাংলা | | বিজ্ঞান | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | ইংরেজি | গণিত | |
| | অষ্টম | | | ডিজিটাল প্রযুক্তি | | ইংরেজি | | গণিত | জীবন ও জীবিকা | বিজ্ঞান | |
| | নবম | | | গণিত | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | বিজ্ঞান | বাংলা | জীবন ও জীবিকা | |
| | দশম | | | | | | | | | | |

## মাদ্রাসাসমূহের ষষ্ঠ থেকে নবম শ্রেণির জন্য সেশন রুটিন ব্যবহারের প্রয়োজনীয় নির্দেশনা

১. মাদ্রাসাসমূহে রোল কলের কারণে প্রথম পিরিয়ড হবে ৪৫ মিনিটের এবং বাকী পিরিয়ড হবে ৪০ মিনিটের।

২. শুধু মাদ্রাসার জন্য প্রণীত ষষ্ঠ থেকে নবম শ্রেণির রুটিন ছকের ফাঁকা স্থানসমূহ 'মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয়সমূহ' বসবে। প্রতিষ্ঠানসমূহ এসকল ফাঁকা স্থান মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয়সমূহের সেশন পরিচালনার জন্য ব্যবহার করতে পারবে।

৩. দশম শ্রেণির জন্য রুটিনে উল্লিখিত দিন এবং সময়ে প্রত্যেক প্রতিষ্ঠানকে তাদের নিজস্ব সুবিধামত বিষয়সমূহ স্থাপন করে পূর্ণাঙ্গ রুটিন প্রণয়ন করতে হবে।

৪. ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয়ের জন্য প্রতি সপ্তাহে মোট ৪০টি ক্লাসের মধ্য থেকে ১৬টি ক্লাস বরাদ্দ করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহ প্রয়োজন অনুযায়ী এই ১৬টি ক্লাস মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয়সমূহের জন্য ব্যবহার করবে।

৫. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান অবশ্যই প্রতিদিন সমাবেশে শিক্ষার্থীদের জাতীয় সঙ্গীত গাইবার ব্যবস্থা করবে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান নিজেদের পরিকল্পনা অনুযায়ী শরীর চর্চা, পর্যায়ক্রমে বিভিন্ন শ্রেণির বিভিন্ন উপস্থাপনা যেমন গান, নাটক, আবৃত্তি, নাচ, প্রভৃতিসহ অন্যান্য আয়োজন করতে পারে। এলক্ষ্যে সমাবেশের সময় বাড়াতে হলে প্রয়োজনে বিদ্যালয় শুরুর সময় এগিয়ে আনা যাবে। কিন্তু কোনো মতেই সেশনের সময় কমানো যাবে না।

৬. রুটিনে উল্লেখিত কোনো বিষয়েরই সেশন সংখ্যা বা ক্রম পরিবর্তন করা যাবে না।

৭. জাতীয় দিবসসমূহ উদযাপন (২১শে ফেব্রুয়ারি, ১৭ই মার্চ, ২৬ শে মার্চ, ১লা বৈশাখ, ১৫ই আগস্ট, ১৬ই ডিসেম্বর) শিখনকালীন কার্যক্রম হিসেবে ধরা হয়েছে। জাতীয় দিবসে সেশন রুটিন অনুসরণ না করে, দিবস পালনে বিভিন্ন বিষয় সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালিত হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকগণ আগে থেকেই পরামর্শ করে শিক্ষক সহায়িকার নির্দেশনা অনুসরণ করে বিদ্যালয়ে জাতীয় দিবসের কার্যক্রম সাজাবেন। যাতে করে এসকল দিবস পালনের মাধ্যমে শিক্ষার্থীদের যে অভিজ্ঞতা অর্জন করা প্রয়োজন তা অর্জিত হয়।

৮. প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরাই শুধু ষষ্ঠ থেকে নবম শ্রেণির সেশন পরিচালনার দায়িত্বপ্রাপ্ত হবেন। একটি শ্রেণির একটি বিষয়ে একজন শিক্ষককেই দায়িত্ব দেওয়া যাবে। একই শ্রেণির একই বিষয়ে একাধিক শিক্ষককে দায়িত্ব দেওয়া যাবেনা। যে শিক্ষক যে বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাকে সে বিষয়েরই সেশন/শ্রেণি কার্যক্রম পরিচালনার দায়িত্ব দিতে হবে।